

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৮
কাঞ্চনপুর, ১০ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কাঞ্চনপুর মহকুমায় স্ট্রং রুম পরিদর্শনে সাধারণ পর্যবেক্ষক

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের সাধারণ পর্যবেক্ষক শচীন্দ্রপ্রতাপ সিং গতকাল কাঞ্চনপুর মহকুমায় কাঞ্চনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে স্ট্রং রুম পরিদর্শন করেন। স্ট্রং রুম পরিদর্শনের সময় পর্যবেক্ষকের সাথে উপস্থিত ছিলেন রিটার্নিং অফিসার তথা কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ, মহকুমা পুলিশ আধিকারিক আর দেশাই, ডিসিএম বিদ্যাসাগর ত্রিপুরা, ডিসিএম অনন্ত কুমার দাস প্রমুখ। এর পর সাধারণ পর্যবেক্ষক শচীন্দ্রপ্রতাপ সিং নাইসিং পাড়া এবং আশা পাড়াতে রু পুনর্বাসন কেন্দ্রে অবস্থিত ভোটকেন্দ্র পরিদর্শন করেন।
